



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ-৬/৬৩৮৪/ ২৩২৬

তারিখ: ৩০/০৩/১৯

বিষয়: চলমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে কেন বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ ব্যাখ্যা প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকার স্মারক নং: ৪জি-৮৯৬৯-ম/১০/৪২৯৩ তারিখ: ১৪-০৬-২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী শিক্ষক জনাব মোঃ মশিয়ার রহমান (ইনডেক্স নং-১৮৭৪২৮) এর বিরুদ্ধে কেশবপুর থানায় ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৬(২)/২৫-ঘ ধারায় মামলা হয়। মামলা নং- ০৭, তারিখ ১১-১০-২০১২। মামলার পর তিনি নৈমিত্তিক ছুটি নিয়ে কোর্টে হাজিরা দেন এবং জামিন লাভ করেন। সহকারী শিক্ষক জনাব মোঃ মশিয়ার রহমান (ইনডেক্স নং-১৮৭৪২৮) এজাহার নামীয় চার্জশিটভুক্ত আসামী। সেক্ষেত্রে তিনি জামিনে মুক্তি লাভ করলেও চার্জশিটভুক্ত হবার দিন থেকে সাময়িক বরখাস্ত বলে গণ্য হবেন এবং মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন। মামলা নং-০৭, তারিখ ১০-১১-২০১২ ইং ধারা বিশেষ ক্ষমতা আইনের ১৬(২)/২৫-ঘ, সিএস নং-৯৫ তাং ১৯-০৬-২০১৪ ইং বিষয়ে সাময়িক বরখাস্ত করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য সভাপতি ও প্রধান শিক্ষককে পত্র প্রদান করেন। কিন্তু অদ্যাবধি অধিদপ্তরকে অবহিত করেননি।

এমতাবস্থায় বিধিবহির্ভূত কর্মকাণ্ডের জন্য এবং উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করায় বিদ্যালয়ের চলমান অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য বলা হল। ব্যর্থতায় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া হবে।

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) ও সদস্য সচিব

ভান্ডারখোলা সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় (১১৫৮২৫)

ডাকঘর : ভান্ডারখোলা, উপজেলা : কেশবপুর, জেলা : যশোর

৩০/৩/১৯

তারিখ: ৩০/০৩/১৯

স্মারক নং বিঅ-৬/৬৩৮৪/ ২৩২৬ (৬)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। জেলা প্রশাসক, যশোর
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, ভান্ডারখোলা সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর : ভান্ডারখোলা, কেশবপুর, যশোর
- ৪। সংরক্ষণ নথি

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

৩০/৩/১৯